I 3652 2000Rs.




৪০,০০০.০০ টাকা মূল্যের সম্পত্তির দানপত্র , মৌজা ও থানা - আলিপুরদুয়ার , জমি - ০৪ ডেঃ , শ্রেনী - ডাঙ্গা , দানকৃত সম্পত্তি আলিপুরদুয়ার পুরসভার ৬নং ওয়ার্ডে অবস্থিত ।

Market value determined Rs 64000/- deficit stamp duty Rs 2400/- paid by Chalan 38 dt. 29.9.95. It is duly stamped

exempted or does not require) under I. S. Act. under Schedule I. A. ... paid ... P fee

29.9.95

29.9.95

বরাবর শ্রীমতি তৃপ্তি দে স্বামী শ্রী সাধন চন্দ্র দে জাতি হিন্দু পেশা গৃহস্থালী সাকিন আলিপুরদুয়ার নিউটাউন থানা আলিপুরদুয়ার জিলা জলপাইগুড়ি ।

লিখিতং শ্রী শংকর কর পিতামৃত অভয় চরন কর জাতি হিন্দু পেশা ব্যবসা সাকিন আলিপুরদুয়ার নিউটাউন থানা আলিপুরদুয়ার জিলা জলপাইগুড়ি ।

কস্য শুভ দানপত্র মিদং কার্য্যাঞ্চাগে নিম্ন তপশীল সমূহ জমি হইতে আমি বিগত ইং ২০।৯।৮৩ তারিখে ৫৮১০ নম্বর রেজিষ্টারীকৃত কবলায় ০৪ ডেঃ জমি খরিদ করিয়া দখলভোগ করিতেছি । তুমি আমার ভাগ্নী হও । তোমাদের স্থায়ী বসবাসের কোন জমি জমা নাই , তোমার বিবাহের সময় তোমাদের স্থায়ীভাবে বসবাসের জন্য আমার নিজস্ব জমি হইতে তোমাকে কিছু জমি দিব এইরূপ প্রতিশ্রুতি দিয়াছিলাম , সেই প্রতিশ্রুতি অনুযায়ী আমি অদ্য অত্র দানপত্রে আমার ধার্য্যকৃত ৪০,০০০.০০ চল্লিশ হাজার টাকা মূল্যের ০৪ ডেঃ জমি

1000Rs.





অত্র দানপত্রে তোমাকে দন করিয়া যাবতীয় দখল ছাড়িয়া দিলাম । তুমি অদ্য হইতে আমার যাবতীয় সত্ত্বে স্বত্ববতী থাকিয়া মাল্কে সেরেস্তায় নিজ নামে নামজারী করিয়া যাবতীয় হস্তান্তর ক্ষমতাযুক্তে পরমসুখে ভোগদখল করিতে থাক । ভবিষ্যতে দানকৃত জমির দখল লইয়া আমি বা আমার পরবর্ত্তী ওয়ারীশনগন কেহ কোনদিন কোনপ্রকার বেদখল দেয় বা নিজে দেই তবে তাহা আইনতঃ অগ্রাহ্য হইবেক ।

এতদার্থে স্বেচ্ছায় অত্র দানপত্র লিখিয়া সহি ও সম্পাদন করিয়া দিলাম । ইতি ইং ২৫ পঁচিশ সেপ্টেম্বর ১৯৯৫ উনিশশতপঁচানব্বই সন ।

।। দানকৃত জমির বিবরণ ।।

১। জেলা জলপাইগুড়ি সবরেজিষ্টারী থানা ও তহশীল আলিপুরদুয়ার পশ্চিমবঙ্গ সরকার পক্ষে কালেক্টার জলপাইগুড়ির অধীন পরগনা বক্সা মৌজা আলিপুরদুয়ার মধ্যে ৯৯ নং জে, এল, এর ৮৬ নং তৌজির সাবেক ২০২ দুইশত দুই নম্বর খতিয়ানভুক্ত বার্ষিক ২১.৫০ টাকা জমার ৮এঃ২৭ ডেঃ জমির একরায়তী স্বত্ত্ব নিয়ত আছে । উক্ত জমি হইতে উল্লিখিত রেজিষ্টারীকৃত কবলার ১নং তপশীলে খরিদকৃত ০২ দুই ডেসিমেল জমি তোমাকে দান করিলাম । দাগনং

500Rs.




২৫৭০ পঁচিশশত সত্তর একদাগে দানকৃত ০২ দুই ডেসিমেল জমি । মূল্য ২০,০০০.০০ টাকা ।

২। উপরোক্ত হকিয়তের অধীন মৌজা আলিপুরদুয়ার মধ্যে সাবেক ২১০ দুইশত দশ নম্বর খতিয়ানভুক্ত বার্ষিক ১.০০ টাকা জমার ২৯ ডেঃ জমির একরায়তী স্বত্ত্ব নিয়ত আছে । উক্ত জমি হইতে উল্লিখিত কবলার ২নং তপশীলে খরিদকৃত ০১ এক ডেসিমেল জমি তোমাকে দান করিলাম । দাগ নম্বর ২৫৭১ পঁচিশশত একাত্তর একদাগে দানকৃত ০১ এক ডেসিমেল জমি । মূল্য ১০,০০০.০০ টাকা ।

৩। উপরোক্ত হকিয়তের অধীন মৌজা আলিপুরদুয়ার মধ্যে সাবেক ২১২ দুইশত বার নম্বর খতিয়ানভুক্ত বার্ষিক ২.৫৯ টাকা জমার ৬২ ডেঃ জমির একরায়তী স্বত্ত্ব নিয়ত আছে । উক্ত জমি হইতে উল্লিখিত রেজিষ্টারীকৃত কবলার ৩নং তপশীলে খরিদকৃত ০১ এক ডেসিমেল জমি অত্র দানপত্রে তোমাকে দান করিলাম । দাগনম্বর ২৫৭১ পঁচিশশত একাত্তর , একদাগে দানকৃত ০১ এক ডেসিমেল জমি । মূল্য ১০,০০০.০০ টাকা ।

500Rs.

INDIA NON JUDICIAL

५००रु.    Rs.500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये    FIVE HUNDRED RUPEES

।। চৌহদ্দি ।।

উত্তরে :- সাধন চন্দ্র দে পূর্বে :- শীলারায় ও অন্যান্য দক্ষিনে :- দ্বীজেন্দ্র মোহন কর পশ্চিমে :- ননীগোপাল সরকার । এই চৌহদ্দি মধ্যে তিন তপশীলে একত্রে 04 চার ডেসিমেল জমি তোমাকে দান করিলাম ।

কৈ :- অত্র দানপত্রের প্রথম পাতার দশ লাইনে '' ভাস্তী '' শব্দ জাবড়া হওয়ায় কাটিয়া তোলাপাতে '' ভাস্তী '' শব্দ মুদ্রিত রহিল ।

আমা কর্ত্তৃক মুদ্রিত হইল ।

ইশাদি

Drafted, readover and explained to the executant by me and Certified that this documet contains ....4....Sheet N. J. Stamp.

Debasish Kar
Son of Dwijendra mohan Kar
Alipurduar, Newtown

Barun Kr Bhowmik
Advocate/Alipurduar
Member W. B. Bar Council, Calcutta
Enrolment No....F 204/230.0 1975
25/09/15